



প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী পদে সাইয়েদ বিন আব্দুল্লাহ



সাইয়েদ বিন আব্দুল্লাহ। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমানের যুব কর্মসংস্থান বিষয়ক বিশেষ সহকারী হিসেবে নিয়োগ পেয়েছেন মো. সাইয়েদ বিন আব্দুল্লাহ। এ সংক্রান্ত প্রজ্ঞাপন বৃহস্পতিবার (২ এপ্রিল) জনপ্রশাসন মন্ত্রণালয়ের চুক্তি ও বৈদেশিক নিয়োগ শাখা থেকে জারি করা হয়েছে।

উপসচিব মো. গোলাম রব্বানীর স্বাক্ষরিত প্রজ্ঞাপনে জানানো হয়, গ্রেড-২ পদমর্যাদায় চুক্তিভিত্তিক এই দায়িত্ব পালনের জন্য সাইয়েদ বিন আব্দুল্লাহকে অন্য যেকোনো পেশা বা প্রতিষ্ঠানের সঙ্গে তার সংশ্লিষ্টতা ত্যাগ করতে হবে।

এছাড়া, নিয়োগের বিস্তারিত শর্তাবলি চুক্তিপত্রের মাধ্যমে নির্ধারণ করা হবে বলে আদেশে উল্লেখ করা হয়েছে।

LENS ASIA